দৈনিক খবর

তারিখ 2 1 MAR 1992

07

## যুগোপযোগী শিক্ষা পদ্ধতি প্রবর্তন করতে হবে ঃ হাসিনা

# বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস বন্ধে সরকার আন্তরিক নয়

।।স্টাফরিপোর্টার।।

আওয়ামী লীগ সভানেত্রী ও সংসদে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস বন্ধে সরকারের আন্তরিকতার অভাব রয়েছে। সরকারের মদদেই বিশ্ববিদ্যালয়ে অস্ত্র আসছে। সরকার অস্ত্র উদ্ধার করেনি। তিনি বলেন, সন্ত্রাস বন্ধের জন্য আওয়ামী লীগ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের কার্যক্রম স্থগিত করেছিল। কিন্তু সরকার কিছুইকরেনি।

শেখ হাসিনা গতকাল শুক্রবার সন্ধ্যায় মিন্টু রোডস্থ বিরোধী দলীয় নেত্রীর সরকারী বাসভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সাথে এক ইফতার পার্টিতে বক্তৃতা করছিলেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে

৭-এর পাতায় দেখুন

## বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস বন্ধে

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য যতটুকু প্রয়োজন আমরা তার চেয়ে বেশী সহযোগিতা করেছি। কিন্তু সরকারের কাছ থেকে কোন সাড়া পাইনি।

তিনি বলেন, শিক্ষকদের ওপর অনেক চাপ রয়েছে এবং শিক্ষকদের অনেক সমস্যাও রয়েছে। এসব সমস্যা দূর করতে হবে। এ ব্যাপারে আওয়ামী লীগ শিক্ষকদের পাশে থাকবে।

তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনেক জমি অবৈধ দখলে রয়েছে। এসব জমি উদ্ধার করে বিশ্ববিদ্যালয়ের কাছে ফিরিয়ে দিতে হবে। এ ক্ষেত্রে আওয়ামী লীগ সর্বাত্মক সহযোগিতা করবে।

তিনি বলেন, যুগের পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে বর্তমান শিক্ষা পদ্ধতি পরিবর্তন করে উন্নত শিক্ষা পদ্ধতি প্রবর্তন করতে হবে এই লক্ষ্যে তিনি শিক্ষকদের সঙ্গেআলোচনায়বসবেন।

ইফতার পার্টিতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মোহাম্মদ শাহজাহান, প্রফেসর সালাহউদ্দিন আহমদ, ডঃ আনিসুজ্জামান, ডঃ ম আখতারুজ্জামান, ডঃ আমিনুল ইসলাম, প্রফেসর আবদুল মান্নান চৌধুরী, ডঃ এরশাদুল বারী, ডঃ মশিহুজ্জামান, ডঃ মাহতাব উদ্দিন, আবদুল মোমিন চৌধুরী, ডঃ মোহাম্মদ শাহজাহান, ডঃ বজলুল হক খন্দকার, ডঃ রঙ্গলাল সেন, ডঃ সৈয়দ আহমদ খান, ডঃ এ কে আজাদ চৌধুরী, ডঃ মনসুর মুসা, ডঃ হারুনুর রশীদ, প্রফেসর নূরুল ইসলাম, ডঃ আরেফীন সিদ্দিক, ডঃ মশিউর রহমান, ডঃ মঈন চৌধুরী, ডঃ জাহেদা আহমদ, ডঃ বেগম তাহমিদা, ডঃ রাহেলা বানু, ডঃ রাজীব হুমায়ুন প্রমুখ শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। আওয়ামী লীগ নেতৃবৃন্দের মধ্যে জাতীয় সংসদের বিরোধী দলীয় উপনেতা আবদুস সামাদ আজাদ, আবদুল মান্নান, বেগম সাজেদা চৌধুরী, আবদুল জলিল, তোফায়েল আহমদ, রহমত আলী, মোজাফফর হোসেন পল্টু, ওবায়দুল কাদের, ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন, অধ্যাপক আবু সাইয়িদ প্রমুখ উপস্থিত ছিলেন।